# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯২৮

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

---

### আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ قَالَ: قَالَ أَبُو ذَرٍّ: يَا نَبِيَّ اللَّهِ أَرَأَيْتَ الصَّدَقَةُ مَاذَا هِيَ؟ قَالَ: «أَضْعَافٌ مُضَاعَفَةٌ وَعِنْدَ اللَّهِ الْمَزِيدُ» . رَوَاهُ أَحْمد

### বাংলা

১৯২৮-[৪১] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আবূ যার (রাঃ) আরয করলেন, হে আল্লাহর রসূল! আমাকে বলুন সদাক্বার সাওয়াব কী? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এর সাওয়াব কয়েক গুণ। বরং আল্লাহর কাছে এর সাওয়াব আরও বেশী। (আহমাদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আহমাদ ২২২৮৮, য‘ঈফ আত্ তারগীব ৫৩১। কারণ এর সানাদে ‘আলী ইবনু যায়দ একজন দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে ‘সদাক্বাহ্/দান’ বলতে কী এর সাওয়াব কী তা জিজ্ঞেস করা হয়েছে। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বললেন, দানের সাওয়াব হলো দানের দশ থেকে সাতশ’ গুণ। আল্লাহর নিকট আরো অধিক রয়েছে। যেমন- আল্লাহ বলেছেন,

لِلَّذِيْنَ أَحْسَنُوا الْحُسْنٰى وَزِيَادَةٌ

‘‘যারা কল্যাণকর কাজ করে তাদের জন্য আছে কল্যাণ ও আরো অধিক।’’ (সূরাহ্ ইউনুস ১০ : ২৬)

কোন কল্যাণকর কাজের সাওয়াব আল্লাহ দ্বিগুণ প্রদান করেন এবং তার নিকট থেকে মহা পুরস্কারও দেন। এ প্রসঙ্গে তিনি বলেন,

وَإِنْ تَكُ حَسَنَةً يُضَاعِفْهَا وَيُؤْتِ مِنْ لَّدُنْهُ أَجْرًا عَظِيمًا

“আর কোন পুণ্য কাজ হলে আল্লাহ সেটাকে দ্বিগুণ করেন এবং আল্লাহ তাঁর নিকট হতে মহাপুরস্কার প্রদান করেন।” (সূরাহ্ আন্ নিসা ৪ : ৪০)

অত্র আয়াতে (مِنْ لَّدُنْهُ) অর্থাৎ ‘তাঁর নিকট হতে’ দ্বারা বুঝানো হয়েছে যে, তিনি নিজ পক্ষ থেকে অতিরিক্তের উপর অতিরিক্ত দেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56488

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন